# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যদি তোমাকে জিজ্ঞেস করা হয়, কা‘বা ঘর ছাড়া অন্যত্র তাওয়াফ করা কি বৈধ?

উত্তর: বল, কা‘বা ঘর ছাড়া অন্যত্র তাওয়াফ করা বৈধ নয়। কারণ, আল্লাহ তা‘আলা তাওয়াফের সাথে তার ঘরকেই খাস করেছেন। তিনি বলেন,

وَلۡيَطَّوَّفُواْ بِٱلۡبَيۡتِ ٱلۡعَتِيقِ [الحج : ٢٩]

“এবং প্রাচীন ঘরের তাওয়াফ কর”। [সূরা সূরা হাজ্জ, আয়াত: ২৯] সুতরাং কা‘বাঘর অন্য ঘরের তাওয়াফ করার অনুমতি আল্লাহ প্রদান করেননি। কারণ, তাওয়াফ একটি ইবাদত। আর আল্লাহ আমাদেরকে কোনো প্রকার ইবাদত তৈরি করতে সতর্ক করেছেন। অতএব কুরআন ও সুন্নাহর সহীহ দলীলের বাইরে কোনো ইবাদত নেই। সুতরাং শরয়ীতের সুস্পষ্ট দলীল ব্যতীত ইবাদত তৈরি করা বিদ্রোহ করা এবং সেটি গাইরুল্লাহ এর জন্য সমর্পণ করা এমন শির্ক, যা আমল বিনষ্টকারী এবং দীনে খালেস থেকে বের করে কুফরের দিকে নিক্ষেপকারী। আমরা আল্লাহর নিকট এ থেকে আশ্রয় চাই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10005

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন